নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ The Daily Janakantha

২০ অক্টোবর ২০১৯

# ঢাবির ‘চ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৯-২০ শিক্ষাবর্ষে চারুকলা অনুষদভুক্ত ‘চ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। রবিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান ফল প্রকাশ করেন। ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (admission.eis.du.ac.bd) থেকে ফল জানা যাবে। এছাড়া যে কোন মোবাইল ফোন থেকে DU<>KHA<>Roll টাইপ করে ১৬৩২১ নম্বরে এসএমএস পাঠিয়েও ফল জানা যাবে। উত্তীর্ণরা আগামী ২২ অক্টোবর থেকে ৭ নবেম্বরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে গিয়ে বিষয়ের পছন্দক্রম পূরণ করতে পারবেন। কোটায় আবেদনকারীদের ২২ থেকে ২৯ অক্টোবরের মধ্যে বিজ্ঞান অনুষদের ডিন অফিস থেকে ফর্ম সংগ্রহ করে পূরণ করে তা সেখানেই জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি দিয়ে এই সময়ের মধ্যে ডিন অফিসে আবেদন করা যাবে।

‘চ’ ইউনিটে ভর্তিযোগ্য ৩৪৩ জন ॥

‘চ’ ইউনিটে ভর্তি পরীক্ষায় ১৩৫টি আসনের বিপরীতে ভর্তিযোগ্য বিবেচিত হয়েছেন ৩৪৩ পরীক্ষার্থী। পাসের হার ২৮ দশমিক ৫৩ শতাংশ। এ বছর অঙ্কন পরীক্ষা এক হাজার ০২ শিক্ষার্থী অংশ নেয়। চ-ইউনিটের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের আগামী ২১ থেকে ২৭ অক্টোবর পর্যন্ত নির্ধারিত ওয়েবসাইট থেকে বিস্তারিত ফরম ও বিষয়ের পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের কোটার ফরম ২১ থেকে ২৭ অক্টোবর তারিখের মধ্যে চারুকলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে পূরণ করে একই অফিসে জমা দিতে হবে। ফলাফল নিরীক্ষণের জন্য নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে আগামী ২১ থেকে ২৭ অক্টোবর, ২০১৯ তারিখের মধ্যে চারুকলা অনুষদের ডিন অফিসে আবেদন করা যাবে।

এদিকে ক ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হলেও পরে তা স্থগিত হয়েছে।

Popular Mobile Games on PC
Flexible control with mouse & keyboard
GameLoop
OPEN

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকন্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
**ই-মেইল:** janakanthanews@gmail.com
**ই-জনকন্ঠ:** www.edailyjanakantha.com

Copyright ® All rights reserved by dailyjanakantha.com